

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.cga.gov.bd



স্মারক নং- ০৭.০৩.০০০০.০০৯.৫১.১৩৪.২১-১০১


তারিখঃ ২১-০৭-২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৬/০৭/২০২২ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২(অংশ)-১৫৫ এর মাধ্যমে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (প্রাক্তন তহশীলদার) এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা(প্রাক্তন সহকারী তহশীলদার) পদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের বিষয়ে প্রদত্ত সিদ্ধান্ত সংক্রান্ত পত্রটি আদিষ্ট হয়ে এতদসঙ্গে পৃষ্ঠাংকন করা হলো।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

বরাবর,

- ১। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস-ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৩। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। উপ হিসাব মহানিয়ন্ত্রক (সকল)।
- ৬। পিএটু-সিজিএ/অতিঃসিজিএ (প্রশাসন), অতিঃসিজিএ (হিসাব ও পদ্ধতি)।
- ৭। অফিস কপি/গার্ড ফাইল।


২০/৭/২০২২

(মোঃ জাকির হোসেন)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (পদ্ধতি)

ফোনঃ ৮৩৯২৬১৩।

6626

২৭/৭/২২

মি/৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-১ অধিশাখা
www.mof.gov.bd



২২ আষাঢ় ১৪২৯

তারিখঃ

০৬ জুলাই ২০২২

নং-০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২(অংশ)-১৫৫

বিষয়ঃ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (প্রাক্তন তহশীলদার) এবং ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (প্রাক্তন সহকারী তহশীলদার) পদের উন্নীত স্কেলে বেতন নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের নির্দেশনা প্রদান সংক্রান্ত।

সূত্রঃ (১) হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়ের স্মারক নং-০৭.০৩.০০০০.০০৯.৩১.১৪১(খন্ড-১).১৪-৬৯, তারিখঃ ২৭ এপ্রিল ২০২২
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০০৫.১৬(অংশ).২০৬, তারিখঃ ১৪ জুন ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগের ৩০-০৫-২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২(অংশ)-১২৪ নম্বর অফিস স্মারকের মাধ্যমে উন্নীত/ পুনঃনির্ধারিত বেতনস্কেলে বেতন নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ


- (১) অর্থ বিভাগের ৩০-০৫-২০১৩ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩১.০২৮.১২(অংশ)-১২৪ নং অফিস স্মারকের ক্রমিক-২(গ) এর শর্ত যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (২) ৩০-০৫-২০১৩ তারিখে বেতনস্কেল উন্নীত/ পুনঃনির্ধারণের পূর্বে 'ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা' (প্রাক্তন তহশীলদার) এবং 'ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা' (প্রাক্তন সহকারী তহশীলদার) পদধারীগণ টাইমস্কেল/ উচ্চতর স্কেল প্রাপ্ত/ প্রাপ্য হয়ে যে স্কেল প্রাপ্ত/ প্রাপ্য হয়েছেন অর্থাৎ পদস্কেল হতে যে সংখ্যক স্কেল উপরে বেতন আহরণ করেছেন/করতেন, উন্নীত/ পুনঃনির্ধারিত বেতন স্কেলের সাথে সমসংখ্যক স্কেল যোগ করে তাঁর বেতনস্কেল নির্ধারণ করতে হবে;
- (৩) বেতনস্কেল উন্নীত/ পুনঃনির্ধারণের অব্যবহিত পূর্বে তাঁর সর্বশেষ আহরিত/ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে বেতন নির্ধারণ করতে হবে;
- (৪) বেতনস্কেল উন্নীত/ পুনঃনির্ধারণের তারিখে টাইমস্কেল/ উচ্চতর স্কেলসহ নিরুপনকৃত স্কেলে কোন কর্মচারীর মূল বেতন উক্ত স্কেলের সর্বনিম্ন ধাপের কম হলে, সর্বনিম্ন ধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (৫) কোন কর্মচারীর মূল বেতন নিরুপনকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশি হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান হলে, সেই ধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (৬) কোন কর্মচারীর মূল বেতন নিরুপনকৃত স্কেলের সর্বনিম্ন ধাপের চেয়ে বেশি হলে এবং উক্ত স্কেলের কোন ধাপের সমান না হলে, সেক্ষেত্রে অব্যবহিত উচ্চতর ধাপে বেতন নির্ধারণ করতে হবে;
- (৭) ৩০-০৫-২০১৩ তারিখে কর্মরত কর্মচারীগণকে উন্নীত/ পুনঃনির্ধারিত বেতনস্কেল প্রদানের ক্ষেত্রে অর্থ বিভাগের ১২৪ নং অফিস স্মারক অনুযায়ী ৩০-০৫-২০১৩ তারিখ হতে বেতন নির্ধারণ সুবিধা এবং ভূমি মন্ত্রণালয় কর্তৃক ৩১-০১-২০২২ তারিখে জারিকৃত ৪৬ নং স্মারক অনুযায়ী ৩১-০১-২০২২ তারিখ হতে আর্থিক সুবিধা প্রদেয় হবে;

চলমান পৃষ্ঠা-২

PA-70 GMB

- ২ -

(৮) ৩০-০৫-২০১৩ তারিখ বা তৎপরে কর্মরত কর্মচারীগণ উন্নীত/ পুনঃনির্ধারিত বেতন স্কেলের সুবিধা প্রাপ্য হবেন। ৩০-০৫-২০১৩ তারিখ হতে ৩১-০১-২০২২ তারিখের মধ্যে যে সকল কর্মচারী পিআরএল বা অবসরে গমন করেছেন কিংবা মৃত্যুবরণ করেছেন তাঁরা এ আদেশবলে পুনঃনির্ধারিত মূল বেতনের ভিত্তিতে পেনশন ও আনুতোষিক সুবিধা প্রাপ্য হবেন, কিন্তু কোন বকেয়া প্রাপ্য হবেন না।


০৬/০৭/২২
(মোঃ সফিউল আলম)
উপসচিব
ফোনঃ ২২৩৩৮০৭৮১

✓ হিসাব মহানিয়ন্ত্রক
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়
হিসাব ভবন, সেগুনবাগিচা
ঢাকা-১০০০।

অনুলিপি (সদয় অবগতির জন্য)

সচিব
ভূমি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

